

বিরুলিয়া-আশুলিয়া মহাসড়ক এবং বিরুলিয়া সেতু

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অধীন সড়ক ও জনপথ অধিদপ্তর মোট ৪৯.৬৬ কোটি টাকা ব্যয়ে বিরুলিয়া-আশুলিয়া মহাসড়ক নির্মাণ প্রকল্পটি বাস্তবায়ন করে। বাংলাদেশ সরকারের নিজস্ব অর্থায়নে বাস্তবায়িত এ প্রকল্পের আওতায় ১৯.৮৮ কোটি টাকা ব্যয়ে ১০.৫০ কিলোমিটার মহাসড়ক এবং মহাসড়কের ১ম কিলোমিটারে ১৯.১৩ কোটি টাকা ব্যয়ে তুরাগ নদীর উপর বিরুলিয়া নামক স্থানে ১৮৬.০৪ মিটার ও বিরুলিয়া খালের উপর ৩৬.৬০ মিটার দীর্ঘ ২টি সেতুর নির্মাণ কাজ জুন ২০১৫ মাসে সমাপ্ত হয়েছে। ঢাকা মহানগরীর জিরো পয়েন্ট হতে এ মহাসড়কটির দূরত্ব ১৮ কিলোমিটার। মহাসড়কটি নির্মাণের ফলে ঢাকা মহানগরীতে যানবহন প্রবেশ ও বহির্গমনে নতুন আরেকটি রুট সংযোজিত হল।

বিরুলিয়া-আশুলিয়া মহাসড়কটি মিরপুর-ধউর (এন-৫০১) মহাসড়কের ৬ষ্ঠ কিলোমিটার (বিরুলিয়া) থেকে শুরু হয়ে চারাবাগ বাজার দিয়ে টঙ্গী-আশুলিয়া-ইপিজেড মহাসড়কে (এন-৩০২) আশুলিয়া বাজারে মিলিত হয়েছে। উল্লেখ্য যে, চারাবাগ বাজার থেকে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের সড়কটি ঢাকা-সাভার মহাসড়কে (এন-৫) লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে সংযোগ করেছে। নতুন এ প্রবেশ ও বহির্গমন রুটটি যানচলাচলের জন্য উন্মুক্ত হলে ঢাকা শহরের মূল প্রবেশ ও বহির্গমন রুটগুলোতে যানবহনের চাপ অনেকাংশে হ্রাস পাবে।



সেতু এপ্রোচ



বিরুলিয়া সেতু




মহাসড়ক

প্রকল্প পরিচিতি

প্রকল্পের নাম	: বিরুলিয়া-আশুলিয়া সড়ক নির্মাণ
প্রশাসনিক মন্ত্রণালয়	: সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
বাস্তবায়নকারী সংস্থা	: সড়ক ও জনপথ অধিদপ্তর
প্রকল্প সমাপ্তির তারিখ	: জুন ২০১৫
প্রকল্পের মোট ব্যয়	: টাকা ৪৯.৬৬ কোটি
প্রকল্পের অর্থায়ন	: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক নির্মাণ ব্যয়	: ১৯.৮৮ কোটি টাকা
সড়কের দৈর্ঘ্য	: ১০.৫০ কিলোমিটার
সেতু নির্মাণ ব্যয়	: ১৯.১৩ কোটি টাকা
সেতুর নাম	: বিরুলিয়া
সেতুর অবস্থান	: ঢাকা জেলার সাভার উপজেলাধীন বিরুলিয়া-আশুলিয়া সড়কের ১ম কিলোমিটারে তুরাগ নদীর উপর বিরুলিয়া নামক স্থানে
সেতুর ধরন	: পি.সি. গার্ডার
সেতুর দৈর্ঘ্য	: ১৮৬.০৪ মিটার
সেতুর প্রস্থ	: ৯.৫০ মিটার
স্প্যান সংখ্যা	: ৫টি
ভার্টিকেল ক্লিয়ারেন্স	: ৭.৬৮ মিটার

বিরুলিয়া-আশুলিয়া মহাসড়ক এবং বিরুলিয়া সেতুর অবস্থান চিত্র



বিরুলিয়া-আশুলিয়া মহাসড়ক এবং বিরুলিয়া সেতু

শুভ উদ্বোধন

তারিখ : ৩০ আষাঢ় ১৪২২ বঙ্গাব্দ
১৪ জুলাই ২০১৫ খ্রিস্টাব্দ

সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়